



# সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা

পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি/ ৫ শরৎ ঘোষ স্ট্রিট, কলকাতা ১৪

প্রেস রিলিজ

## ২১ সেপ্টেম্বর – আন্তর্জাতিক শান্তি দিবস

রাষ্ট্রসংঘ-উদযাপিত ২১ সেপ্টেম্বর আন্তর্জাতিক শান্তি দিবসে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানাচ্ছে সারা ভারত শান্তি ও সংহতি সংস্থার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি। আন্তর্জাতিক শান্তি দিবসে আমরা বিশেষকরে সিরিয়ায় হানাদারি চালানোর মার্কিন পরিকল্পনার তীব্র নিন্দা করছি। মার্কিন যুক্তরাষ্ট্র ও তার সাগরেদরা নানা অছিলায় সিরিয়া আক্রমণের প্রস্তুতি নিচ্ছে। একের পর এক আরব দেশে সামরিক হস্তক্ষেপের পর সিরিয়া এবং ইরান এখন তাদের প্রধান টার্গেট। ভূমধ্যসাগরে সমরসজ্জা তারা বাড়িয়েছে। তবে আন্তর্জাতিক জনমত এমনকি খোদ মার্কিন যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে জনমত এই প্রশ্নে ওবামা প্রশাসনের অনুকূলে নয়। আরব দুনিয়ায় নতুন করে যুদ্ধের দামামার বিরুদ্ধে বিশ্বজুড়েই তীব্র আপত্তি জানাচ্ছে একের পর এক দেশ। প্রতিবাদ জানিয়েছে বিশ্ব শান্তি পরিষদও। আন্তর্জাতিক শান্তি দিবসে আসুন সিরিয়া প্রসঙ্গে সাম্রাজ্যবাদী ষড়যন্ত্রের বিরুদ্ধে আমরা প্রতিবাদকে তীব্রতর করার শপথ নিই। একই সঙ্গে আমাদের দাবি, ভারত সরকারও এই যুদ্ধ প্রস্তুতির বিরুদ্ধে কূটনৈতিক স্তরে উদ্যোগ নিক। সিরিয়ায় যুদ্ধ হলে তার নেতিবাচক প্রভাব পড়বে বিশ্বের সব দেশের সঙ্গে ভারতেও। সিরিয়া পরিস্থিতির প্রভাব তেলের দামের উপর ইতিমধ্যেই পড়েছে।

প্রসঙ্গত, রাষ্ট্রসংঘের সাধারণ সভা ( জেনারেল অ্যাসেমব্লী)-র অধিবেশন বসার দিনটিকে স্মরণ করে রাষ্ট্রসংঘ ১৯৮১ সালেই আন্তর্জাতিক শান্তি দিবস পালনের সিদ্ধান্ত ঘোষণা করে। ১৯৮২ সালে আন্তর্জাতিক শান্তি বর্ষে রাষ্ট্রসংঘের উদ্যোগে প্রথম আন্তর্জাতিক শান্তি দিবস পালিত হয়। প্রথম দিকে আন্তর্জাতিক শান্তি দিবস পালিন করা হত সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার। ২০০১ সালে রাষ্ট্রসংঘের সাধারণ সভা আন্তর্জাতিক শান্তি দিবস পালনের জন্য ২১ সেপ্টেম্বর তারিখটি নির্দিষ্ট করে।

অঞ্জন বেরা

সাধারণ সম্পাদক

( কোঅর্ডিনেটর)

কলকাতা / ২০ সেপ্টেম্বর ২০১৩

অজয় অগ্নিহোত্রি

সাধারণ সম্পাদক

বিনায়ক ভট্টাচার্য

সাধারণ সম্পাদক